



স্মারক নং-রেজিঃ/শিক্ষা-৫/৯২২২০ - ৩৩৮

তারিখঃ ২৬/১/১৪৩১ বঙ্গাব্দ  
২৯/১/২০২৪ খ্রিঃ

- ১। ডিন, সকল অনুষদ, ঢাকা বিশ্ববিদ্যালয়।
- ২। চেয়ারম্যান, সকল বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়।
- ৩। পরিচালক, সকল ইনস্টিটিউট, ঢাকা বিশ্ববিদ্যালয়।
- ৪। পরিচালক, আইসিটি (তথ্য ও যোগাযোগ প্রযুক্তি) সেল (বিজ্ঞপ্তিটি বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ), ঢাকা বিশ্ববিদ্যালয়।

**বিষয়ঃ- Mitsubishi UFJ Foundation (Scholarship Program FY 2024) কর্তৃক বৃত্তি প্রদানের জন্য আপনার বিভাগ/ইনস্টিটিউটে স্নাতক (সম্মান) শ্রেণীর ৩য় ও ৪র্থ বর্ষে অধ্যয়নরত যে কোন একজন শিক্ষার্থীকে মনোনীত করে তথ্য প্রেরণ প্রসঙ্গে।**

মহোদয়,

আদিষ্ট হয়ে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, Mitsubishi UFJ Foundation (Scholarship Program FY 2024) কর্তৃক ঢাকা বিশ্ববিদ্যালয়ে স্নাতক (সম্মান) শ্রেণীর ৩য় ও ৪র্থ বর্ষে অধ্যয়নরত শিক্ষার্থীদের মধ্যে হতে মেধাবী কিন্তু আর্থিক ভাবে অসচ্ছল ৩০জন শিক্ষার্থীকে জন প্রতি ৩৬০ ডলার করে সর্বমোট ১০,৮০০ ডলার বৃত্তি প্রদান করবেন। আপনার বিভাগ/ইনস্টিটিউটে স্নাতক (সম্মান) শ্রেণীর ৩য় ও ৪র্থ বর্ষে অধ্যয়নরত শিক্ষার্থীদের মধ্যে হতে মেধাবী কিন্তু আর্থিক ভাবে অসচ্ছল যে কোন ১(এক)জন শিক্ষার্থীকে মনোনীত করে আগামী ৩০/০৫/২০২৪ তারিখের মধ্যে মনোনীত শিক্ষার্থীর মনোনয়নপত্র এবং নিম্নে উল্লেখিত প্রয়োজনীয় কাগজপত্রসহ রেজিস্ট্রারের অফিস শিক্ষা-৫ শাখার ডেপুটি রেজিস্ট্রার-এর নিকট প্রেরণের জন্য অনুরোধ করা যাচ্ছে।

**সংযুক্তি:**

- ১। শিক্ষার্থীর মনোনয়নপত্রে শিক্ষার্থীর নাম, রেজিস্ট্রেশন নম্বর, শিক্ষাবর্ষ, ক্লাস রোল, সিজিপিএ/গ্রেড, মোবাইল নম্বর ও বিভাগীয় ই-মেইল ঠিকানা অবশ্যই উল্লেখ করতে হবে।
- ২। শিক্ষার্থীর বিশ্ববিদ্যালয়ের আইডি কার্ডের সত্যায়িত কপি।
- ৩। National Id Card/ Birth Certificate-এর সত্যায়িত কপি।
- ৪। স্নাতক (সম্মান) শ্রেণীর ৩য় বর্ষে অধ্যয়নরত শিক্ষার্থীর ক্ষেত্রে ২য় বর্ষের নম্বর পত্রের সত্যায়িত কপি।
- ৫। স্নাতক (সম্মান) শ্রেণীর ৪র্থ বর্ষে অধ্যয়নরত শিক্ষার্থীর ক্ষেত্রে ৩য় বর্ষের নম্বরপত্রের সত্যায়িত কপি।

**বিদ্র:** আগামী ৩০/০৫/২০২৪ তারিখের মধ্যে মনোনীত শিক্ষার্থীর প্রয়োজনীয় কাগজপত্রসহ রেজিস্ট্রারের অফিস শিক্ষা-৫ শাখায় অবশ্যই পাঠাতে হবে। অন্যথায় বৃত্তির জন্য বিবেচনা করা হবে না।

➤ উক্ত বৃত্তি সংক্রান্ত যে কোন তথ্যের জন্য: ০৯৬৬৬৯১১৪৬৩-৪০৫৯

notice board / website  
—  
2/1/24

(শিউলি আফছার) ২৯/১/২০২৪

ডেপুটি রেজিস্ট্রার (শিক্ষা-৫)

রেজিস্ট্রারের অফিস, ঢাকা বিশ্ববিদ্যালয়।

অধ্যাপক ড. জাফর আহমেদ খান  
চেয়ারম্যান  
পরিসংখ্যান বিভাগ  
ঢাকা বিশ্ববিদ্যালয়